

# মামুন স্মৃতি পাবলিক উচ্চ বিদ্যালয়

স্থাপিতঃ ১৯৯০ খ্রিঃ, বিদ্যালয় কোড নং-৯০৪০, EIIN: 109930

পোঃ ছোনটিয়া বাজার, উপজেলা ও জেলাঃ জামালপুর ।

কেন্দ্র কোডঃ- ২০৭, উপজেলা কোডঃ ৩৪০, জেলা কোডঃ ৪১

E-mail: alumni.msphs.edu@gmail.com , Website: www.msphs-edu.com/alumni

তারিখঃ ১৩/০৫/২০২২ ইং


প্রিয় প্রাক্তন শিক্ষার্থীবৃন্দ,

স্নেহাশিস ও সালাম নিও । ২৩টি ব্যাচের প্রায় দুই সহস্র শিক্ষার্থী মামুন স্মৃতি পাবলিক স্কুল থেকে শিক্ষার আলোয় আলোকিত হয়েছে । কিছু ফুল দেরীতে ফোটে, দেরীতেই সুগন্ধ বিলায় । প্রায় দুই যুগ পর মামুন স্মৃতি পাবলিক স্কুল অ্যালামনাই অ্যাসোসিয়েশন সম্প্রতি গঠিত হয়েছে । এ বিষয়ে স্কুলের প্রতিষ্ঠাতা মহোদয়, ম্যানেজিং কমিটি ও সম্মানিত শিক্ষকবৃন্দ ওয়াকিবহাল । একঝাক মেধাবী মুখ এর নেতৃত্বে অ্যালামনাই অ্যাসোসিয়েশন গঠিত হওয়ায় স্কুল কর্তৃপক্ষ আনন্দিত ।

অ্যাসোসিয়েশনের মাধ্যমে পুনর্মিলনী-২০২২ অংশগ্রহনমূলক ও সাফল্যমণ্ডিত হবে । আগামী ঈদের পরের দিন মিলন মেলায় ( পুনর্মিলনী-২০২২ ) সন্তানতুল্য শিক্ষার্থীদের প্রিয় মুখগুলো আমরা দেখতে চাই, তোমরা কর্মজীবনে ও স্কুল পরবর্তী শিক্ষা জীবনে কে কোথায় আছো তোমাদের এই সাফল্যগাঁথা স্যুভেনির / স্মারকগ্রন্থে দেখতে চাই ।

তোমরা অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর নেতৃত্ব অনুসরণ করবে । স্যুভেনির / স্মারকগ্রন্থে নাম ও ছবি প্রকাশের জন্য ওয়েবসাইটে [www.msphs-edu.com/alumni](http://www.msphs-edu.com/alumni) নাম নিবন্ধন করবে ।

আমি স্কুলের পক্ষ থেকে অ্যালামনাই অ্যাসোসিয়েশনের উত্তরোত্তর সাফল্য কামনা করি । তোমরা বড় হও - এই দোয়া করি ।

  
13-05-22  
মোঃ জাহাঙ্গীর আলম  
প্রধান শিক্ষক/অ্যাসোসিয়েশন  
মামুন স্মৃতি পাবলিক উচ্চ বিদ্যালয়  
পোঃ ছোনটিয়া বাজার, জামালপুর

মোঃ জাহাঙ্গীর আলম

প্রধান শিক্ষক

মামুন স্মৃতি পাবলিক উচ্চ বিদ্যালয় ।